

# রাজশাহী বোর্ডে বেড়েছে পাসের হার, কমেছে জিপিএ-৫

সংবাদ অনলাইন রিপোর্ট

: শুক্রবার, ২৮ জুলাই ২০২৩



চলতি বছরের এসএসসি পরীক্ষায় রাজশাহী বোর্ডে ৮৭ দশমিক ৮৯ শতাংশ শিক্ষার্থী পাস করেছে। এবার মোট জিপিএ-৫ পেয়েছেন ২৬ হাজার ৮৭৭ জন। গতবার এই পাসের হার ছিল ৮৫ দশমিক ৮৮ শতাংশ। গতবার জিপিএ-৫ পেয়েছিল ৪২ হাজার ৫১৭ জন পরীক্ষার্থী। রাজশাহী বোর্ডে পাসের হার বেড়েছে। তবে জিপিএ-৫ এর সংখ্যা কমেছে।

শুক্রবার (২৮ জুলাই) সকালে গণভবনে এক অনুষ্ঠানের মাধ্যমে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে এসএসসি ও সমমানের ফলাফলের কপি হস্তান্তর করেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। এ সময় উপস্থিত ছিলেন শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেলসহ শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা বোর্ডগুলো কর্মকর্তারা।

জানা গেছে, চলতি বছর রাজশাহী বোর্ড থেকে এসএসসি পরীক্ষায় অংশ নিয়েছিলেন ২ লাখ ৩ হাজার ৬২৫ জন শিক্ষার্থী।

**দিনাজপুর বোর্ড :** চলতি এসএসসি পরীক্ষায় দিনাজপুর বোর্ডে ৭৬ দশমিক ৮৭ শতাংশ শিক্ষার্থী পাস করেছে। এবার মোট জিপিএ-৫ পেয়েছে ১৭ হাজার ৪১০ জন। গতবার এই পাসের হার ছিল ৮১ দশমিক ১৬ শতাংশ। গতবার জিপিএ-৫ পেয়েছিলেন ২৫ হাজার ৫৮৬ জন পরীক্ষার্থী। দিনাজপুর বোর্ডে পাসের হার ও জিপিএ-৫ এর সংখ্যা কমেছে। এবার দিনাজপুর বোর্ড থেকে এসএসসি পরীক্ষায় অংশ নিয়েছিলেন ১ লাখ ৯৯ হাজার ৪৯১ জন শিক্ষার্থী।

**ময়মনসিংহ বোর্ড :** চলতি বছরের এসএসসি পরীক্ষায় ময়মনসিংহ বোর্ডে ৮৫ দশমিক ৪৯ শতাংশ শিক্ষার্থী পাস করেছে। এবার মোট জিপিএ-৫ পেয়েছেন ১৩ হাজার ১৭৭ জন। গতবছর পাসের হার ছিল ৮৯ দশমিক ০২ শতাংশ। গতবার মোট জিপিএ-৫ পেয়েছিলেন ১৫ হাজার ২১৬ জন জন। ময়মনসিংহ বোর্ডের পাসের হার ও জিপিএ-৫ কমেছে। এবার ময়মনসিংহ বোর্ড থেকে এসএসসি পরীক্ষায় অংশ নিয়েছিলেন ১ লাখ ২২ হাজার ৮৭২ জন শিক্ষার্থী।

**চট্টগ্রাম বোর্ড :** চলতি বছরের এসএসসি পরীক্ষায় চট্টগ্রাম বোর্ডে ৭৮ দশমিক ২৯ শতাংশ শিক্ষার্থী পাস করেছেন। এবার মোট জিপিএ-৫ পেয়েছেন ১১ হাজার ৪৫০ জন। গতবার এই পাসের হার ছিল ৮৭ দশমিক ৫৩ শতাংশ। গতবার জিপিএ-৫ পেয়েছিলেন ১৮ হাজার ৬৫৫ জন পরীক্ষার্থী। চট্টগ্রাম বোর্ডে পাসের হার ও জিপিএ-৫ এর সংখ্যা কমেছে।

এবার চট্টগ্রাম বোর্ড থেকে এসএসসি পরীক্ষায় অংশ নিয়েছিলেন ১ লাখ ৫৩ হাজার ৩৩৮ জন শিক্ষার্থী।

**কুমিল্লা বোর্ড :** এসএসসি পরীক্ষায় কুমিল্লা বোর্ডে ৭৮ দশমিক ৪২ শতাংশ শিক্ষার্থী পাস করেছে। এবার মোট জিপিএ-৫ পেয়েছেন ১১ হাজার ৬২৩ জন। গতবার এই পাসের হার ছিল ৯১ দশমিক ২৮ শতাংশ। গতবার জিপিএ-৫ পেয়েছিল ১৯ হাজার ৯৯৮ জন পরীক্ষার্থী। কুমিল্লা বোর্ডে পাসের হার ও জিপিএ-৫ এর সংখ্যা কমেছে। এবার কুমিল্লা বোর্ড থেকে এসএসসি পরীক্ষায় অংশ নিয়েছিলেন ১ লাখ ৮২ হাজার ৬৩৫ জন শিক্ষার্থী।

**এসএসসি ভোকেশনাল :** চলতি বছরের এসএসসি ও দাখিল ভোকেশনাল পরীক্ষায় ৮৬ দশমিক ৩৫ শতাংশ শিক্ষার্থী পাস করেছে। গতবার এই পাসের হার ছিল ৮৯ দশমিক ৫৫ শতাংশ। এবার মোট জিপিএ-৫ পেয়েছে ১৮ হাজার ১৪৫ জন। গতবার জিপিএ-৫ পেয়েছিলেন ১৮ হাজার ৬৫৫ জন পরীক্ষার্থী। এবার এসএসসি ও দাখিল ভোকেশনাল পরীক্ষায় পাসের হার ও জিপিএ ৫ কমেছে। এবার কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে শুধু এসএসসি ও দাখিল ভোকেশনাল পরীক্ষায় অংশ নিয়েছেন ১ লাখ ২২ হাজার ৪৪৪ জন।

**এসএসসি ও সমমান :** চলতি বছরের এসএসসি ও সমমানের পরীক্ষায় গড় পাস করেছে ৮০ দশমিক ৩৯ শতাংশ শিক্ষার্থী। গতবার এই পাসের হার ছিলো ৮৭ দশমিক ৪৪ শতাংশ। এবার মোট জিপিএ-৫ পেয়েছেন ১ লাখ ৮৩ হাজার ৫৭৮ জন। গতবার জিপিএ-৫ পেয়েছিলেন ২ লাখ ৬৯ হাজার ৬০২ জন। এসএসসি ও সমমানে পাসের হার ও জিপিএ-৫ কমেছে। এবার এসএসসি ও সমমানে মোট পরীক্ষার্থী ছিলেন ২০ লাখ ৪১ হাজার ৪৫০ জন পরীক্ষার্থী।

**মাদরাসা শিক্ষা বোর্ড :** চলতি বছরের দাখিল পরীক্ষায় ৭৪ দশমিক ৭ শতাংশ শিক্ষার্থী পাস করেছে। গতবার এই পাসের হার ছিল ৮২ দশমিক ২২ শতাংশ। এবার দাখিলে মোট জিপিএ-৫ পেয়েছেন ৬ হাজার ২১৩ জন। গতবার জিপিএ-৫ পেয়েছিলেন ১৫ হাজার ৪৫৭ পরীক্ষার্থী। এবার দাখিলে পাসের হার ও জিপিএ-৫ কমেছে। এবার মাদরাসা শিক্ষা বোর্ডের অধীনে দাখিলে পরীক্ষায় অংশ নিয়েছিলেন ২ লাখ ৮৫ হাজার ৮৭ জন।

**বরিশাল বোর্ড :** চলতি বছরের এসএসসি পরীক্ষায় বরিশাল বোর্ডে ৯০ দশমিক ১৮ শতাংশ শিক্ষার্থী পাস করেছে। এবার মোট জিপিএ-৫ পেয়েছেন ৬ হাজার ৩১১ জন। গতবার এই পাসের হার ছিল ৮৯ দশমিক ৬১ শতাংশ। গতবার জিপিএ-৫ পেয়েছিলেন ১০ হাজার ৬৮ জন পরীক্ষার্থী। বরিশাল বোর্ডে পাসের হার বেড়েছে। জিপিএ-৫ এর সংখ্যা কমেছে। এবার বরিশাল বোর্ড থেকে এসএসসি পরীক্ষায় অংশ নিয়েছিলেন ৯০ হাজার ১৬৯ জন শিক্ষার্থী।

**ঘশোর বোর্ড :** চলতি বছরের এসএসসি পরীক্ষায় ঘশোর বোর্ডে ৮৬ দশমিক ১৭ শতাংশ শিক্ষার্থী পাস করেছে। এবার মোট জিপিএ-৫ পেয়েছে ২০ হাজার ৬১৭ জন। গতবার এই পাসের হার ছিল ৯৫ দশমিক ১৭ শতাংশ। গতবার জিপিএ-৫ পেয়েছিল ৩০ হাজার ৮৯৩ জন। ঘশোর বোর্ডে পাসের হার কমেছে। জিপিএ-৫ এর সংখ্যা কমেছে। এবার ঘশোর বোর্ড থেকে এসএসসি পরীক্ষায় অংশ নিয়েছিলেন ১ লাখ ৫৫ হাজার ৭৫৯ জন শিক্ষার্থী।

চলতি বছরের এসএসসি ও সমমানের পরীক্ষায় গড় পাস করেছে ৮০ দশমিক ৩৯ শতাংশ শিক্ষার্থী। গতবার এই পাসের হার ছিলো ৮৭ দশমিক ৪৪ শতাংশ। এবার মোট জিপিএ-৫ পেয়েছেন ১ লাখ ৮৩ হাজার ৫৭৮ জন। গতবার জিপিএ-৫ পেয়েছিলেন ২ লাখ ৬৯ হাজার ৬০২ জন।

এবার মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমানের পরীক্ষায় মোট জিপিএ-৫ পেয়েছেন ১ লাখ ৮৩ হাজার ৫৭৮ জন। গতবার জিপিএ-৫ পেয়েছিলেন ২ লাখ ৬৯ হাজার ৬০২ জন। এ বছর এসএসসি ও সমমানে গড় পাস করেছেন ৮০ দশমিক ৩৯ শতাংশ শিক্ষার্থী। গতবার এই পাসের হার ছিলো ৮৭ দশমিক ৪৪ শতাংশ।

চলতি বছর এসএসসি ও সমমানে পরীক্ষায় ১১টি শিক্ষা বোর্ডের অধীনের ২০ লাখ ৭৮ হাজার ২১৬ জন পরীক্ষার্থী ছিল। এর মধ্যে ছাত্র সংখ্যা হচ্ছে ১০ লাখ ২৪ হাজার ৯৮০ জন, যা ৪৯.৩২ শতাংশ। ছাত্রী সংখ্যা হচ্ছে ১০ লাখ ৫৩ হাজার ২৪৬ জন, যা ৫০.৬৮ শতাংশ।

ফল জানা যাবে যেভাবে : ঢাকা শিক্ষা বোর্ডের এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, শিক্ষার্থীরা ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইট [educationboardresults.gov.bd](http://educationboardresults.gov.bd) প্রবেশ করে রোল ও রেজিস্ট্রেশন নম্বর দিয়ে রেজাল্ট শিট ডাউনলোড করতে পারবে। এ ছাড়া এসএমএসের মাধ্যমেও ফল জানা যাবে। সে ক্ষেত্রে মোবাইলের মেসেজ অপশনে গিয়ে SSC লিখে স্পেস দিয়ে ইংরেজিতে বোর্ডের প্রথম তিন অক্ষর লিখে স্পেস দিয়ে রোল নম্বর দিতে হবে। এরপর আবারও স্পেস দিয়ে পরীক্ষার বছর লিখে 16222 নম্বরে পাঠাতে হবে। (উদাহরণ- SSC DHA ROLL YEAR)। ফিরতি মেসেজে ফল জানিয়ে দেওয়া হবে।

শিক্ষাপ্রতিষ্ঠানভিত্তিক রেজাল্ট শিট পেতে বোর্ডের ওয়েবসাইট প্রবেশ করতে হবে। এরপর রেজাল্ট কর্নারে ক্লিক করে শিক্ষাপ্রতিষ্ঠানে ইআইআইএন (EIIN) এন্ট্রি করতে হবে। তাহলে ওই শিক্ষাপ্রতিষ্ঠানের রেজাল্ট শিট ডাউনলোড করা যাবে।